দৈনিক খবর

তারিখ ...10 SEP 1992 ...
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৭ ...

153

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৫টি ছাত্রাবাসে তল্লাশী ঃ ৭ জন বহিরাগত আটক

।। স্টাফ রিপোর্টার ।।

বুধবার ভোর রাতে পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫টি ছাত্রাবাসে তল্লাশী অভিযান চালিয়েছে। অভিযানে কোন অস্ত্র উদ্ধার করা যায়নি তবে ৭ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়েছে।

জানা যায়, বিপুল সংখ্যক দাঙ্গা পুলিশের সহায়তায় ভোর রাত ৪টা থেকে পৌনে ৭টা পর্যন্ত তল্লাশী চলে। ঐ সময় মোতালেব ও আলফাজুর রহমানকে মহসীন হল, হাবিবুর রহমান, শাহজুল

২ এর পাতায় দেখুন

## ৫টি ছাত্রাবাসে

প্রথম পৃষ্ঠার পর

হক, জামাল ওরফে সোহেল ও ইকবাল হোসেনকে জিয়া হল এবং মাহমুদুল হক খানকে সূর্যসেন হল থেকে গ্রেফতার করা হয়েছে। এরা কোন হলের আবাসিক ছাত্র নয় বলে পুলিশ জানিয়েছে। মুজিব ও জসিমউদ্দিন হল থেকে কাউকে গ্রেফতার করা যায়নি।

পুলিশ জানায়, গ্রেফতারকৃদের সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয়ে সংঘটিত হত্যা ও সন্ত্রাসের ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।